

ইয়েমেন প্রজাতন্ত্রের উপ প্রধানমন্ত্রী তথা বিদেশমন্ত্রীর ভারতে সরকারি সফর (জুলাই ১০-১৩, ২০১৭)

পররাষ্ট্রমন্ত্রী শ্রীমতি সুষমা স্বরাজের আমন্ত্রণে ইয়েমেন প্রজাতন্ত্রের উপ প্রধানমন্ত্রী তথা বিদেশমন্ত্রী জনাব আবদুলমালিক আবদুলজালিল আল-মেখলাফি ভারতে একটি সরকারি সফর করবেন ১০-১৩ জুলাই।

এর আগে দ্বাদশ আইওআর-এআরসি মন্ত্রী পর্যায়ের বৈঠকে যোগ দেওয়ার জন্য ২০১২ সালে ইয়েমেনের তৎকালীন বিদেশমন্ত্রী ড. আবু বাখর আল-খিরবি ভারত সফর করেছিলেন।

মানুষ-মানুষে ঘনিষ্ঠ সম্পর্কের উপর ভিত্তি করে ভারত-ইয়েমেনের মধ্যে মজবুত এবং বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বিদ্যমান, যা প্রতিফলিত হয় ভারতে প্রায় তিন লাখ ইয়েমেন নাগরিক এবং আদান এবং দক্ষিণ ইয়েমেনের অন্যান্য অংশে প্রায় এক লাখ ভারতীয় নাগরিকের বসবাসের মধ্য দিয়ে।

ইয়েমেনের জন্য ভারত ঐতিহ্যগতভাবে একটি গুরুত্বপূর্ণ বাণিজ্যিক অংশীদার এবং ইয়েমেনের ছাত্রদের কাছে উচ্চতর শিক্ষার জন্য জনপ্রিয় এবং গুরুত্বপূর্ণ ঠিকানা, একইসঙ্গে ইয়েমেনের নাগরিকদের চিকিৎসার জন্য ভারত একটি জনপ্রিয় গন্তব্য। ভারতের আইটিইসি পোগ্রাম এবং আইসিসিআর স্কলারশিপ ইয়েমেনের নাগরিকদের কাছে উচ্চপ্রশংসিত। এ ছাড়াও ভারত 'ইয়েমেনের বন্ধু' গোষ্ঠীর সদস্য এবং অতীতে ইয়েমেনকে ধারাবাহিকভাবে মানবিক সাহায্য করেছে।

রাষ্ট্রসঙ্ঘের সংস্কার এবং আন্তর্জাতিক সন্ত্রাসবাদ মোকাবিলার মতো প্রধান আন্তর্জাতিক বিষয় উভয়দেশ সহমতের ভিত্তিতে তাদের মতামত পোষণ করেছে। আসন্ন সফরে উভয় দেশ দ্বিপাক্ষিক সম্পর্কের পাশাপাশি পারস্পরিক স্বার্থজনিত আঞ্চলিক এবং বহুপাক্ষিক বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করবেন।

নয়াদিল্লি

জুলাই ০৭, ২০১৭